



## ক্যান্সার আক্রান্ত শিক্ষার্থীর জন্য 'কনসার্ট ফর জহির'



ব্লাড ক্যান্সারে (নন- হজ্জকিন লিম্ফোমা) আক্রান্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের (১২তম ব্যাচের) শিক্ষার্থী জহির উদ্দিন শাখাওয়াতের চিকিৎসার অর্থ সংগ্রহের উদ্দেশ্যে গত (২৮ ফেব্রুয়ারি ২০২৪- বুধবার) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের মাঠে 'কনসার্ট ফর জহির' শিরোনামে একটি চ্যারিটি কনসার্ট অনুষ্ঠিত হয়।

কনসার্টে কুঁড়েঘর, মেট্রোলাইফ, অডড সিগনেচার, এনকোর, চান্দের গাড়ি, গল্প, প্রতিবিশ্ব, মনের মানুষসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিজস্ব ব্যান্ডদলসহ মোট ১৪ টি ব্যান্ডদল অংশ নিয়েছে।

কনসার্টের আয়োজকরা জানান, জহিরের চিকিৎসার জন্য এখনো প্রায় ৮-১০ লক্ষ টাকার প্রয়োজন। এখন তার পরিবারের পক্ষে এই অর্থ বহন করা সম্ভব হচ্ছে না।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এজন্য আমরা গত কয়েক মাস ধরে টাকা সংগ্রহ করেছি কিন্তু আশানুরূপ সাড়া না পাওয়ায় চ্যারিটি কনসার্টটির আয়োজন করেছি।

এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম ক্যান্সার আক্রান্ত শিক্ষার্থীর জন্য অর্থ সংগ্রহের উদ্দেশ্যে যারা এমন একটি মহৎ উদ্যোগ হাতে নিয়েছে তাদের ধন্যবাদ জানান এবং যার যার নিজস্ব অবস্থান থেকে যতটুকু সম্ভব জহিরের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহবান জানান।

কনসার্টে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন সহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।  
(জেবি সংবাদমাধ্যম থেকে তথ্য সংগৃহীত ও সংকলিত)